ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃ নিষ্কাশন কর্তৃপক্ষ
ওয়াসা ভবন
৯৮, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫
Website: www.dwasa.org.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ১৬-০৬-২০২২ ইং তারিখের সভার কার্যবিবরণী

- সভার তারিখ ও সময়: ১৬-০৬-২২২, বিকাল ৩:০০ টা।
  সভার স্থান: উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) এর অফিস কক্ষ।
  সভায় উপস্থিত সদস্যদের তালিকা:
  ১) ড. সৈয়দ মোঃ গোলাম ইয়াজদানী, উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন), ঢাকা ওয়াসা ও আহ্বায়ক, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ২) জনাবা শাহিদা কানিজ, উপ-সচিব, প্রশাসন বিভাগ-১, ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ৩) জনাবা আতিয়া পারভীন, উপ-প্রধান রাজস্ব কর্মকর্তা (চঃদাঃ), রাজস্ব জোন-৫, ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ৪) জনাব মোঃ সালেকুর রহমান, উপ-প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (চঃদাঃ), ঢাকা ওয়াসা ও সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি
  ৫) জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ), মডস জোন-৫, ঢাকা ওয়াসা ও সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি

- সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানান। এরপর সদস্য-সচিব জনাব মোহাম্মদ তৌহিদ এলাহীকে সভার agenda সমূহ উপস্থাপনের জন্য নির্দেশ প্রদান করেন। সভায় নিম্নরূপে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জন | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী ঢাকা ওয়াসার বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অর্জনে গৃহীত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে জানান যে,<br>- সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির প্রায় সব সিদ্ধান্তই বাস্তবায়িত হয়েছে। দু একটি সিদ্ধান্ত বাস্তবায়নের প্রক্রিয়া চলছে, যা পরবর্তী সভায় অবহিত করা হবে।<br>- সেবা প্রদান প্রতিশ্রুতি এ পর্যন্ত সেপ্টেম্বর/২০২১, ডিসেম্বর/২০২১ ও মার্চ/২০২১ এ তিনবার হালনাগাদ করা হয়েছে।<br>- সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক চারটি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে।<br>- সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডরগণের সমন্বয়ে এ পর্যন্ত দুটি সভা আয়োজন করা হয়েছে। যথা: ১. নাগরিক সেবা বিষয়ে সেপ্টেম্বর/২০২১ এ মহাখালী ডিওএইচএস পরিষদের সাথে, ২. অভ্যন্তরীণ সেবা বিষয়ে মে/২০২২ এ ঢাকা ওয়াসার আমন্ত্রিত কর্মচারীদের সাথে।<br>উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) সকল গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য জোর দেন। | | |
| ২. | ওয়াসা ভবনে Citizen Charter প্রদর্শন। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী ওয়াসা ভবনে Citizen Charter প্রদর্শনের জন্য পূর্ববর্তী সভাসমূহের আলোচনা সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করেন। তিনি জানান যে, ১০-০৩-২০২২ ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচির দৌলতুজ্জামান খানের সাথে পরামর্শ করা হয়। উপ-সচির দৌলতুজ্জামান খান জানিয়েছেন যে টেলিভিশনের মাধ্যমে Citizen Charter প্রদর্শনে কোন বাধা নেই। পাশাপাশি নিজ অফিসের দেয়ালে লিখেও তা প্রদর্শন করা যাবে। উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) টেলিভিশনের মাধ্যমে Citizen Charter প্রদর্শনের মতটি গ্রহণ করেন এবং মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে ওয়াসা ভবনে টেলিভিশনের মাধ্যমে Citizen Charter প্রদর্শনের জন্য সম্ভাব্য স্থান নির্বাচন, বাজেট বরাদ্দ, বাস্তবায়নকারী বিভাগ নির্বাচন ইত্যাদি প্রসঙ্গ নিয়ে আলোচনা করবেন বলে অবহিত করেন। | - টেলিভিশনের মাধ্যমে Citizen Charter প্রদর্শন করা হবে।<br><br>- মাননীয় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে ওয়াসা ভবনে টেলিভিশন স্থাপনের জন্য দৃষ্টিগ্রাহ্য সম্ভাব্য স্থান নির্বাচন, বাজেট বরাদ্দ, বাস্তবায়নকারী বিভাগ নির্বাচন ইত্যাদি প্রসঙ্গ নিয়ে আলোচনা করা হবে। | ড. সৈয়দ মোঃ গোলাম ইয়াজদানী, আহ্বায়ক, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | পানি, পয়ঃ গ্রাহক সংযোগ, ইত্যাদি সেবায় সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি কলামে আবেদনের ফি এর সাথে ডিমান্ড নোটের বিষয়টি উল্লেখ করা। | পূর্ববর্তী ১০-০৩-২০২২ ইং তারিখের সভার আলোচনার ধারাবাহিকতায় জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী বলেন যে, ডিমান্ড নোটের টাকার পরিমাণের সীমা উল্লেখের ব্যাপারে মডস জোনসমূহ হতে মতামত চাওয়া হয়েছে। তন্মধ্যে নির্বাহী প্রকৌশলী, মডস জোন-৯ মৌখিকভাবে জানিয়েছেন যে, ডিমান্ড নোটের item cost নির্ধারণের জন্য একটি কমিটি কাজ করছে। কমিটির রিপোর্টের উপর ভিত্তি করে ডিমান্ড নোটের টাকার পরিমাণ অন্তর্ভুক্ত করা যেতে পারে।<br>উক্ত কমিটির আহ্বায়ক তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মডস সার্কেল-২ এ ব্যাপারে মন্তব্য করেছেন যে, শীঘ্রই কমিটির রিপোর্ট প্রকাশ করা হবে। উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় এ বিষয়ের পরবর্তী কার্যক্রম সম্বন্ধে ওয়াকেবহাল থাকার পরামর্শ দেন। | ডিমান্ড নোটের item cost নির্ধারণের দাপ্তরিক কার্যক্রমসমূহ পর্যবেক্ষণপূর্বক পরবর্তী সভায় আলোচনা উপস্থাপন করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| ৪. | বস্তি এলাকায় পানি সরবারাহ শীর্ষক সেবার নামটি পরিবর্তন করা। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী পূর্ববর্তী সভার আলোচনার সংক্ষিপ্ত বিবরণ তুলে ধরে বলেন যে, ঢাকা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতির ৯৬ নং সেবা: "বস্তি এলাকায় পানি সরবারাহ" এর নাম পরিবর্তন করে "নিম্ন আয়ের জনগোষ্ঠীকে পানি সংযোগ প্রদান" করার বিষয়টি সেবার সাথে জড়িত কমিউনিটি প্রোগ্রাম অ্যান্ড কনজিউমার রিলেশন বিভাগের দৃষ্টি আকর্ষণ ও মতামত গ্রহণ করতে হবে। উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় এজন্য নথি উপস্থাপনের নির্দেশ দেন। এসময় জনাবা শাহিদা কানিজ যোগ করেন যে, প্রশাসনিক অনুমোদন প্রাপ্তির পর দ্রুত সেবার নামটি পরিবর্তনের জন্য অফিস আদেশ জারির উদ্যোগ নেয়া হবে। | কমিউনিটি প্রোগ্রাম অ্যান্ড কনজিউমার রিলেশন বিভাগের দৃষ্টি আকর্ষণ ও মতামত গ্রহণের জন্য নথি উপস্থাপন করা হবে। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| ৫. | এফ.এম. বিভাগ-১,২; জেনারেটর বিভাগ, মিটার বিভাগ, সংগ্রহ বিভাগ-১,২; ভান্ডার বিভাগ ইত্যাদি বিভাগ হতে প্রাপ্ত সেবাকে সিটিজেন চার্টারে অন্তর্ভূক্ত করা। | পূর্বের সভায় আলোচনার ধারাবাহিকতায় জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী "সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা ২০১৭" এর আলোকে জানান যে, সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের আওতাধীন কার্যালয় প্রদত্ত সেবাও প্রাতিষ্ঠানিক সেবা। তিনি নির্দেশিকায় উল্লিখিত কৃষি মন্ত্রণালয়ের প্রাতিষ্ঠানিক সেবার উদাহারণগুলো তুলে ধরেন এবং এসময় সংগ্রহ বিভাগ-১,২ এর কার্যক্রমকে উদাহারণগুলোর সাথে তুলনা করেন। তিনি জোনাল অফিসগুলোর প্রয়োজনীয় মালামালসমূহ সংগ্রহের জন্য সংগ্রহ বিভাগকে চাহিদা প্রদান; চাহিদাসমূহ একত্রিত করে সংগ্রহ বিভাগের নথি উপস্থাপন, অনুমোদন গ্রহণ, দরপত্র আহ্বান করে সরবারাহকারী নির্বাচন, সরবারাহকারীর মাধ্যমে কেন্দ্রীয় ভান্ডার/ সাব স্টোরে মালামাল জমা করা, অতঃপর কর্তৃপক্ষের মতামতের ভিত্তিতে সংগৃহীত মালামাল বরাদ্দকরণ ইত্যাদি বিষয়সমূহ নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় সংগ্রহ বিভাগ-১,২ এর কার্যক্রমকে সেবা হিসেবে বিবেচনার মত দেন এবং এ বিষয়ে উপ-সচিব দৌলতুজ্জামান খানের সাথে পরামর্শ করতে নির্দেশ দেন। | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচির দৌলতুজ্জামান খানের সাথে পরামর্শ করতে হবে। | সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |
| ৬. | Citizen Charter সংক্রান্ত কার্যাবলি পরিচালনার জন্য বাজেট বরাদ্দ | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী এ প্রসঙ্গে বলেন যে, বাজেট বরাদ্দের জন্য হিসাব বিভাগে পত্র দেয়া হয়েছে। জনাব মোঃ সালেকুর রহমান জানান যে, Citizen Charter সংক্রান্ত কার্যাবলি পরিচালনার জন্য ২০২১-২০২২ অর্থবছরের রিভাইজড বাজেটে আলাদা কোন খাত তৈরি করা হয়নি। তবে এজন্য প্রয়োজনীয় ব্যয় রিভাইজড বাজেটে বিদ্যমান অন্য খাত হতে সমন্বয় করা যাবে। উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় এ বিষয়ে একমত পোষণ করেন। | আলাদা বাজেট বরাদ্দের প্রয়োজন নেই। বিদ্যমান অন্যান্য খাত হতে কার্যাবলি পরিচালনার জন্য ব্যয় নিশ্চিত করা হবে। | জনাব মোঃ সালেকুর রহমান, সদস্য, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৭. | সিটিজেন চার্টার হালনাগাদ করা। | এ পর্যায়ে জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী ঢাকা ওয়াসার সেবা প্রদান প্রতিশ্রুতির ১২৭ নং সেবা: "স্বল্প ঝুঁকিপূর্ণ স্থাপনাসমূহের ক্ষেত্রে ঢাকা ওয়াসা ছাড়পত্রের প্রয়োজন হবে না" এর প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন যে, এটিকে নাগরিক সেবার অন্তর্ভূক্ত করা হয়েছে। কিন্তু সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ১ম ব্যাচের প্রশিক্ষণে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচির দৌলতুজ্জামান খানের সাথে আলাপচারিতায় সেবাটি প্রাতিষ্ঠানিক/ দাপ্তরিক সেবার অনুরূপ বলে প্রতীয়মান হয়েছিল। এজন্য দৌলতুজ্জামান খান সেবাটিকে প্রাতিষ্ঠানিক/ দাপ্তরিক সেবার অন্তর্ভূক্ত করার পরামর্শ দিয়েছিলেন। পাশপাশি যেহেতু সেবাটিতে প্রযোজ্য নয় উল্লেখ আছে, সেহেতু কিছুদিন সেবাটিকে citizen charter এ অন্তর্ভূক্ত দেখিয়ে পরবর্তীতে অফিস আদেশ জারি করে তা citizen charter হতে বিলোপ করার পরামর্শ দিয়েছিলেন। সে অনুযায়ী জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী কার্যক্রম গ্রহণের প্রস্তাব রাখেন। এ প্রেক্ষিতে জনাবা আতিয়া পারভীন মত দেন যে, যদি সেবাটিকে বিলোপ করার পরিকল্পনাই করা হয়, তবে এটিকে নাগরিক সেবা হতে প্রাতিষ্ঠানিক/ দাপ্তরিক সেবায় স্থানান্তরের কোন প্রয়োজন নেই। উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় এ মতটি গ্রহণ করেন। পাশাপাশি সেবাটিকে citizen charter হতে বিলোপ করার সম্ভাব্যতা যাচাইয়ের জন্য জন্য পরামর্শ প্রদান করেন।<br><br>এরপর জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী দয়িত্বরত কর্মকর্তাদের পদোন্নতি, বদলী, অবসর ইত্যাদি কারণে কোন পরিবর্তন আছে কিনা তা কমিটির সদস্যদের কাছে জানতে চাইলে সকলে কোন পরিবর্তনের প্রয়োজন নেই বলে জানান। ফলে ছোটখাট ত্রুটি-বিচ্যুতি সংশোধন করে citizen charter হালনাগাদ করার জন্য উপ-ব্যবস্থাপনা পরিচলক (মানবসম্পদ ও প্রশাসন) মহোদয় নির্দেশ প্রদান করেন। | - "স্বল্প ঝুঁকিপূর্ণ স্থাপনাসমূহের ক্ষেত্রে ঢাকা ওয়াসা ছাড়পত্রের প্রয়োজন হবে না" সেবাটিকে citizen charter হতে বিলোপ করার সম্ভাব্যতা যাচাই করতে হবে।<br><br>- আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্যাদি হালনাগাদ করতে হবে। | জনাব মোহাম্মদ তৌহিদ এলাহী, সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ও সহযোগিতায়: কমিটির সদস্যবৃন্দ |

- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে "সেবা প্রদান প্রতিশ্রুতি" প্রণয়ন ও বাস্তবায়নে কমিটির সদস্যদের উদ্যোগ ও নিষ্ঠার প্রতি সাধুবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Elahi
23-06-2022
(মোহাম্মদ তৌহিদ এলাহী)
নির্বাহী প্রকৌশলী (চঃদাঃ)
মডস জোন-৫
ও
**সদস্য-সচিব, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি**
ঢাকা ওয়াসা

২৩.০৬.২০২২
(ড. সৈয়দ মোঃ গোলাম ইয়াজদানী)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
ও
**আহ্বায়ক, সিটিজেন চার্টার সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি**
ঢাকা ওয়াসা